দৈ... সংবাদ

19

তারিখ ... পৃষ্ঠা ... কলাম ...

24 JAN 1990

# আসন সংখ্যা কম ॥ ২ সহস্রাধিক ছাত্র-ছাত্রীর ভর্তি অনিশ্চিত

॥ নুরুন্নবী রহমান ॥

কুমিল্লা, ২১শে জানুয়ারী। ভর্তিচ্ছু ছাত্রছাত্রীর তুলনায় বিদ্যালয়ে আসন সংখ্যা কম হওয়ায় কুমিল্লা শহরে ২ হাজারেরও বেশী ছাত্রছাত্রীর ভর্তি অনিশ্চিত হয়ে পড়েছে।

শহরের অপরাপর বিদ্যালয়গুলোর পরিবেশ ও পড়ালেখার মান অভিভাবকদের সন্তুষ্ট করতে না পারায় ৪টি প্রধান বিদ্যালয়ে প্রতি বছরই ভর্তির সময় প্রচণ্ড ভীড় হয়। গত বছরের তুলনায় এ বছর এই ৪টি বিদ্যালয়ে ভর্তিচ্ছু ছাত্রছাত্রীর সংখ্যা ৩০ ভাগ বৃদ্ধি পেয়েছে।

চলতি বছর শহরের ৪টি প্রধান বিদ্যালয়ে শিশু শ্রেণী থেকে নবম শ্রেণী পর্যন্ত ৫শ' ১০টি আসনের জন্য ২ হাজার ৬৬৯টি আবেদনপত্র জমা পড়ে। এর মধ্যে বেসরকারী বিদ্যালয় মডার্ন স্কুলে ৩টি শ্রেণীতে ১৯০টি আসনের জন্য ৪৮৪ জন ছাত্র-ছাত্রী আবেদন করে। এই স্কুলে শিশু শ্রেণীতে ১২০ টি আসনের জন্য ২শ' ২টি, প্রথম শ্রেণীতে ৪০টি আসনে ১৫৬ এবং দ্বিতীয় শ্রেণীতে ৩০টি আসনে ১৭টি আবেদনপত্র জমা পড়ে। খ্রীষ্টান মিশনারীদের দ্বারা পরিচালিত বেসরকারী বালিকা বিদ্যালয় আওয়ার লেডী অব ফাতিমা গার্লস হাইস্কুলে ২টি শ্রেণীতে মোট ৮০টি আসনের জন্য আবেদনপত্র জমা পড়ে ৩শ' ১টি। এর মধ্যে শিশু শ্রেণীতে ৬০টি আসনের জন্য ২৩০টি এবং ৬ষ্ঠ শ্রেণীতে ২০টি আসনের জন্য ৭১টি আবেদনপত্র জমা পড়ে। শহরের একমাত্র সরকারী বালিকা বিদ্যালয় ফয়জুন্নেসা উচ্চ বালিকা বিদ্যালয়ের ২টি শ্রেণীর ৯০টি আসনের জন্য ৬শ' ৮ জন ছাত্রী আবেদন করে। এর মধ্যে তৃতীয় শ্রেণীতে ৭০টির জন্য ৩৫৬ জন এবং ৬ষ্ঠ শ্রেণীতে ২০টি আসনের জন্য ২৫২ জন ছাত্রী আবেদন করে। শহরের একমাত্র সরকারী উচ্চ বালক বিদ্যালয় কুমিল্লা জেলা স্কুলে ২টি শ্রেণীতে ভর্তির জন্য ১ হাজার ২৭৬টি আবেদনপত্র জমা পড়ে। এই দু'টি শ্রেণীতে আসন সংখ্যা হচ্ছে ১৫০টি। এরমধ্যে পঞ্চম শ্রেণীতে ৫০টি আসনের জন্য ৫৪৩ জন এবং ৬ষ্ঠ শ্রেণীতে ১শ'টি আসনের জন্য ৭৩৩ জন ছাত্র আবেদন করে।

ফয়জুন্নেসা সরকারী বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা জানিয়েছেন, বিদ্যালয়ে প্রাথমিক ও মাধ্যমিক শ্রেণীর ক্লাশ দুই শিফটে নেয়া হয়। এতে এমনিতেই প্রশাসনিক ও লেখাপড়ার ক্ষতি হচ্ছে। এছাড়া এনাম কমিটির সুপারিশ অনুযায়ী শিক্ষক ও কর্মচারীর সংখ্যা হ্রাস করায় নির্ধারিত আসনের চেয়ে বেশী ছাত্রী ভর্তি করা সম্ভব নয়।

জাতীয় শিক্ষা কমিশনের সদস্য সাবেক এম পি অধ্যক্ষ আবুল কালাম মজুমদার জানান, কুমিল্লা শহরে ভর্তি সমস্যা দীর্ঘ দিনের। প্রাথমিক শিক্ষার জন্য মডার্ন স্কুল ও এর আওয়ার লেডী অব ফাতিমা গার্লস স্কুল ছাড়া উন্নতমানের কোন শিক্ষা প্রতিষ্ঠান নেই। শহরে বালক ও বালিকাদের জন্য আরো ২টি সরকারী উচ্চ বিদ্যালয় স্থাপন করা উচিত। এছাড়া পৌর এলাকার সরকারী প্রাথমিক বিদ্যালয়সমূহে শিক্ষার মানোন্নয়নে পদক্ষেপ নেয়া উচিত।